


ব্রি ধান৬৬

<p>জাত পরিচিতিঃ</p>	<p>ব্রি ধান৬৬ এর কৌলিক সারি IR82635-B-B-75-2। উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, ফিলিপিন্সে IR78875-176-B-2 এবং IR78875-207-B-3 নামক Genotype এর সাথে সংকরায়ন করে বংশানুক্রম সিলেকশান (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত। গত কয়েক বছর আগে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট হতে Introduction করে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করা হয়। পরবর্তীতে ২০১২ এবং ২০১৩ সালে কৌলিক সারিটি বাংলাদেশের বিভিন্ন খরাপ্রবণ এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা এবং ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় রোপা আমন মৌসুমে জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।</p>	
<p>জাতের বৈশিষ্ট্যঃ</p>	<p>ব্রি ধান৬৬ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এছাড়া অঞ্জাজ অবস্থায় গাছের আকার ও আকৃতি ব্রি ধান৫৬ এর চেয়ে সামান্য লম্বা। এ জাতের ডিগ পাতা খাড়া, প্রশস্ত ও লম্বা। পাতার রং গাঢ় সবুজ। এ জাতের প্রধান বৈশিষ্ট্য ধানের দানার রং সোনালী রঙের এবং মাঝারী মোটা। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১১৮-১২০ সেঃ মিঃ। এ জাতের জীবন কাল ১১০-১১৫ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৪ গ্রাম। চালের আকার আকৃতি মাঝারী লম্বা ও মোটা এবং রং সাদা।</p>	
<p>এ জাতের বিশেষ প্রয়োজনীয়তাঃ</p>	<p>ব্রি ধান৬৬ এর জীবনকাল ব্রি ধান৫৬ এর চেয়ে ৩-৪ দিন বেশী। ব্রি ধান৬৬ একটি খরা সহনশীল জাত। প্রজনন পর্যায়ে সর্বোচ্চ ১৫-২০ দিন বৃষ্টি না হলেও ফলনের তেমন কোন ক্ষতি হয় না। সে সময় Perch water table depth ভূপৃষ্ঠ (surface) থেকে ৭০-৮০ সেঃ মিঃ নিচে থাকলে এবং মাটির আদ্রতা ২০% এর নিচে হলেও এ জাতটি হেক্টরে ৪.০ টনেরও বেশী ফলন দিতে সক্ষম।</p>	
<p>জীবনকালঃ</p>	<p>এ জাতের জীবন কাল ১১০-১১৫ দিন।</p>	
<p>ফলনঃ</p>	<p>উপযুক্ত পরিচর্যা পেলে ব্রি ধান৬৬ এর ফলন হেক্টরে ৫.০ টন থেকে ৫.৫ টন পর্যন্ত পাওয়া যায়। তবে প্রজনন পর্যায়ে ১৫-২০ দিন বৃষ্টির অভাবে খরা হলে হেক্টরে ৪.০ - ৪.৫ টন ফলন পাওয়া যায়।</p>	
<p>চাষাবাদ পদ্ধতিঃ</p>	<p>এ জাতটি বৃষ্টি নির্ভর রোপা আমন মৌসুমে চাষাবাদ উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী রোপা আমন ধানের মতই। এ জাতের বীজ বপনের উপযুক্ত সময় ০৭ আষাঢ় - ২০ শ্রাবন (২১ জুন-০৪ আগস্ট)। এ ধান ২৫-৩০ দিনের চারা গোছা প্রতি ২/৩ টি করে ২০ সেঃ মিঃ x ১৫ সেঃ মিঃ স্পেসিং দিয়ে রোপন করতে হবে।</p>	
<p>সার ব্যবস্থাপনাঃ</p>	<p>সারের মাত্রা অন্যান্য উফশী জাতের মতই (২০০: ৭৪: ১০০: ৬৭: ১০ কেজি ইউরিয়াঃ টিএসপিঃ এমপিঃ জিপসামঃ জিংক সালফেট/হেক্টর)। সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তি, ২৫-৩০ দিন পর ২য় কিস্তি এবং ৪০-৪৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে।</p>	
<p>আগাছা দমনঃ</p>	<p>-</p>	
<p>সেচ ব্যবস্থাপনাঃ</p>	<p>-</p>	
<p>রোগবালাই দমনঃ</p>	<p>ব্রি ধান৬৬ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে বালাইনাশক প্রয়োগ করা উচিত।</p>	
<p>ফসল পাকা ও কাটাঃ</p>	<p>-</p>	